# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd


নং ৫৭.১৬.০০০০.০০৬.৩৩.০০১.২০-৪৩৬ তারিখ: ২৪/০৯/২০২৬ইং

**২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ (আলিম) শ্রেণিতে ভর্তি সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি**

এতদ্বারা এই বোর্ডের আওতাধীন প্রতিষ্ঠান প্রধানগণের উদ্দেশ্যে জানানো যাচ্ছে যে, ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ (আলিম) শ্রেণিতে ১ম ধাপে ভর্তির জন্য চূড়ান্তভাবে মনোনীত শিক্ষার্থীদের প্রতিষ্ঠানভিত্তিক তালিকা সরাসরি **www.institute.xiclassadmission.gov.bd** সাইটে প্রতিষ্ঠানের EIIN ও Password ব্যবহার করে ডাউনলোডসহ ভর্তির সকল কার্যক্রম সম্পাদন করা যাবে। প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে মাদ্রাসা প্রধানকে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করতে হবে।

১. একাদশ শ্রেণির ভর্তির নীতিমালা অনুযায়ী প্রতিষ্ঠান কর্তৃক শিক্ষার্থীর **Confirm Admission/Admit ২৬-০৯-২০২৬ তারিখের** মধ্যে উপরোক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পন্ন করতে হবে।

২. **যথাসময়ে নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের Confirm Admission/Admit না করা হলে ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরবর্তীতে রেজিস্ট্রেশনের সময় লিস্টে তথ্য পাওয়া যাবে না।** তাই মনোনীত সকল শিক্ষার্থীর **Confirm Admission/Admit** করার সময় খুব সতর্ক থাকতে হবে। ভর্তি নিশ্চায়ন সম্পন্ন করার পর নিশ্চায়নের প্রিন্ট কপি চূড়ান্ত তালিকার সাথে মিলিয়ে যাচাই করে অবশ্যই সংরক্ষণ করতে হবে। নামের মিল থাকার কারণে এক শিক্ষার্থীর স্থলে অন্য শিক্ষার্থীর **Confirm Admission/Admit** যেন না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে।

৩. মনোনীত শিক্ষার্থীদের চূড়ান্ত তালিকা প্রিন্ট করে প্রতিষ্ঠানের ওয়েবসাইটে এবং নোটিশ বোর্ডে অবশ্যই প্রদর্শন করতে হবে। আগামী ২৬-০৯-২০২৬তারিখের মধ্যে নিশ্চায়নসহ শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। তালিকার বাইরে কোন শিক্ষার্থী ভর্তি করা যাবে না। শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২৬ পরিপূর্ণভাবে অনুসরণ করতে হবে।

৪. প্রতিষ্ঠানে ভর্তির সময় শিক্ষার্থীর দাখিল পাশের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র কোন কারণে জমা দিতে ব্যর্থ হলে একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্রের অনলাইনের কপি জমা নিয়ে ভর্তি সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। প্রয়োজনে শিক্ষার্থীর দাখিল পরীক্ষার মূল এডমিট কার্ড ও রেজিস্ট্রেশন কার্ড জমা নেওয়া যাবে। পরবর্তীতে রেজিস্ট্রেশনের সময় মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র জমা প্রদান সাপেক্ষে মূল এডমিট কার্ড ও রেজিস্ট্রেশন কার্ড ফেরত প্রদান করতে হবে।

৫. প্রতিষ্ঠান কর্তৃক শিক্ষার্থীর **Confirm Admission/Admit** এর জন্য PIN কোড প্রয়োজন হবে না। তাই শিক্ষার্থীর কাছ থেকে PIN কোড নেয়ার প্রয়োজন নেই।

৬. **নির্ধারিত সময়ে নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের প্রতিষ্ঠান কর্তৃক Confirm Admission/Admit কার্যক্রম সম্পাদিত না হলে প্রতিষ্ঠান প্রধান দায়ি থাকবেন।**

বিষয় রেজিস্ট্রেশন সংক্রান্ত তথ্য **www.xiclassadmission.gov.bd** ওয়েবসাইটে দেয়া হবে।

## বি.দ্র: **বিষয়টি অতীব জরুরী**

সংযুক্তঃ প্রতিষ্ঠান লগইন এর ইউজার ম্যানুয়াল

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(প্রফেসর এস.এম তৌহিদুজ্জামান)
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
ফোন: ০২-৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

অধ্যক্ষ (সকল)
অত্র বোর্ডের আওতাধীন মাদ্রাসাসমূহ।

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সিনিয়র পরার্শক (চুক্তিভিত্তিক), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,

৩. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৪. পি.ও টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,

৫. অফিস নথি।